

28T ADBE

2018

ADVANCE BENGALI

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

All questions are compulsory

Q. No. 1 (Ka to Tha) carries 1 mark each	1×12=12
Q. No. 2 (Ka to Tha) carries 2 marks each	2×12=24
Q. No. 3 (Ka to Nya) carries 4 marks each	4×10=40
Q. No. 4 carries 6 marks each	6×4=24

(Ka-12)

(Kha-12)

Total = 100

Contd.

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

(ক) কে না বাঁশি বাত্র বড়ায়ি সে না কোন জনা।

দাসী হআঁ তার পাত্র নিশিবোঁ আপনা।।

— বড়য়ি কে?

(খ) ‘বঙ্গজ’ অথবা ‘নীতিজ্ঞ’ শব্দের অর্থ লেখো।

(গ) ‘ভক্তুরা বলে, নবযুগ-রবি!

যুগের না হই, — কবি’

— শূন্যস্থান পূর্ণ করো।

(ঘ) ‘মেকুর ডাক’ কবিতাটির রচয়িতা কে?

(ঙ) ভাস্কর রৌঁডার সম্পূর্ণ নাম লেখো।

(চ) জেরেমি বেস্থাম কোন মতবাদের প্রবর্তক ছিলেন?

(ছ) ‘যে আমাদের খরচ করিবার _____ সেই আমাদের বন্ধু’।

— শূন্যস্থান পূর্ণ করো।

(জ) ‘মেজদিদি’ উপন্যাসের রচয়িতার নাম লেখো।

(ঝ) ‘মেজদিদি’ উপন্যাসের কেণ্ডধনের বৈমাত্রেয় দিদির বাড়ী কোথায় ছিল?

(ঞ) ঈশা খাঁ কে?

(ট) ‘মুকুট’ নাটকটি কয় অঙ্কের নাটক?

(ঠ) চরণের যেখানে অর্ধযতি পড়ে, সেই অংশকে কী বলে?

(ক) মাইকেল মধুসূদনের 'কপোতাক্ষনন্দ' কবিতাটি কোন শ্রেণীর রচনা? কবি উক্ত কবিতাটি কোন দেশে বসবাসকালে রচনা করেছিলেন?

(খ) টীকা লেখো : (যে কোনো একটি)

নান্দেরনন্দন, নবী, কিশোরগার্টেন।

(গ) জীবনানন্দ দাশের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঘ) 'মনুষ্য যে সকল অত্যাচারের অধীন, সে সকলের ভিত্তিমূল মনুষ্যের প্রয়োজনে' — উদ্ধৃতিটি কোন রচনা থেকে নেওয়া হয়েছে? লেখক কে?

(ঙ) 'নীতিঞ্জেরা আমাদেরকে নিন্দা করেন। বলেন, আমাদের জীবন বৃথা গেল' — নীতিঞ্জেরা আমাদের জীবন বৃথা না যাবার জন্য কী করতে বলেন?

(চ) 'সাহিত্যে খেলা' প্রবন্ধটির রচয়িতা কে? তিনি কোন ছদ্মনামে পরিচিত ছিলেন?

(ছ) 'তিক্ত কর্ণে সে বলিয়া উঠিল, পাগল নয় কে?

সব্বাইকে ধ'রে পাগলা-গারদে পুরন আপনি।'

— উক্তিটি কার এবং কোন পাঠের অন্তর্গত?

(জ) 'গোখরো-সাপটা আজ সকালে ন্যাপলাকে কামড়েছিল।'

— ন্যাপলা কে? সাপটা কী বিষাক্ত ছিল?

(ঝ) মেজদিদি ও তার বড়জায়ের নাম দুটি লেখো।

(ঞ) মেজদিদির ছেলে ও মেয়ের নাম লেখো।

(ট) 'আমি জিতে এনেছি, আমিই পরব।'

— কে কি জিতে এনেছে?

(ঠ) 'আগুন যদি লাগাতে হয় তো নিজের ঘরের চালটা সামলে লাগাতে হবে।' — বক্তা কে? কার উদ্দেশে উক্তিটি করা হয়েছে?

৩। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও।

8×১০=৪০

(ক) “বন পোড়ে আগ বড়ায়ি জগজন জানী
মোর মন পোড়ে জেহু কুস্তারের পণী।”
— অন্তর্নিহিত ভাব ব্যাখ্যা করো।

অথবা

“অনুপম তনু শ্যাম নীলোৎপল আভা।

মুখ রুচি কত গুচি করিয়াছে শোভা”।।

— কোন কবিতা থেকে উদ্ধৃতিটি গ্রহণ করা হয়েছে? কার সম্পর্কে একথা বলা হয়েছে?
কবি কোন প্রসঙ্গে একথা বলেছেন?

১+১+২=৪

(খ) 'কপোতাক্ষ নদ' সম্পর্কে কবি হৃদয়ের উপলব্ধির পরিচয় দাও।

অথবা

'হায় চিল' কবিতাটির মর্মার্থ সংক্ষেপে লেখো।

(গ) “ফুরিয়ে এলো খাবার পুঁজি ছিন্ন আমার বস্ত্রগো

মৃত্যু বুঝি মুচকে হাসে — না হয় মরণ তাই হবে।”

— উদ্ধৃতিটি কোন কবিতার অংশ? কি দেখে কবির মনে হয়েছে মৃত্যু আসন্ন?

১+৩=৪

অথবা

‘প্রত্যেহের ভার’ কবিতায় কবির আশাবাদী মনের যে পরিচয় পাও তা সংক্ষেপে লেখো।

- (ঘ) নজরুল ইসলামের ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় সাধারণ মানুষের প্রতি কবির যে সহানুভূতির পরিচয় প্রকাশিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।
- (ঙ) বঙ্কিমচন্দ্রের ‘ভালবাসার অত্যাচার’ পাঠ অবলম্বনে সত্যধর্ম রক্ষা সম্বন্ধে লেখকের মতামত আলোচনা করো।

অথবা

“এ অত্যাচারে প্রবৃত্ত অত্যাচারী অনেক।” — কোন অত্যাচারের কথা বলা হয়েছে? অত্যাচারী কারা তাদের বিষয়ে একটি করে বাক্য লেখো।

১+১+২

- (চ) ‘পনেরো-আনা’ প্রবন্ধ অবলম্বনে সংসারে পনেরো আনাদের সার্থকতার বিষয়ে রবীন্দ্রনাথের অভিমত ব্যাখ্যা করো।

অথবা

‘সূর্য্য কিরণের বেশির ভাগ শূণ্যে বিকীর্ণ হয়’ — বক্তব্য পরিস্ফুট করো।

- (ছ) ‘শিক্ষা ও সাহিত্যের ধর্ম-কর্ম যে এক নয়।’ — লেখক শিক্ষা ও সাহিত্যের উদ্দেশ্য নিয়ে যে বক্তব্য রেখেছেন, তা নিজের ভাষায় বর্ণনা করো।

- (জ) “একটু দূরে একটি বৃক্ষতলে বসিয়া জনৈক ব্যক্তি খানিকটা ছাতু খাইতেছিল।” — জনৈক ব্যক্তিটি কে? ব্যক্তির চেহারার বর্ণনা দাও। পাঠটির নাম উল্লেখ করো।

১+২+১=৪

- (ঝ) “হতভাগাটাকে দিয়ে যতরকমের ছোট কাজ করিয়ে নিয়েও তোমরা আজ পর্য্যন্ত একদিন পেটভরে খেতে দাও না।” — উক্তিটি কার? হতভাগাটিকে কী কী কাজ করতে হতো?

১+৩=৪

অথবা

“বিপিনের মনে পড়িল, সেদিনও স্ত্রীর এমনি মুখের ভাব দেখিয়াছিলেন, এমনি কণ্ঠস্বর শুনিয়াছিলেন।”

— বিপিন কে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটি পরিস্ফুট করো। ১+৩=৪

(ঞ) “আপনাকে মুক্তিই দেব, কিন্তু সেটা তো একেবারে বিনামূল্যে দেওয়া চলে না।” — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো।

১+১+২=৪

অথবা

‘খেলার পরীক্ষা তো চুকেছে, এবার কাজের পরীক্ষা হোক।’

— বক্তা কে? পরীক্ষার ফলাফল কী হয়েছিল? ১+৩=৪

৪। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ৬×৪=২৪

(ক)

(ক) কেপ্তধনের চরিত্র আলোচনা করো ‘মেজদিদি’ উপন্যাস অবলম্বনে। ৬

অথবা

“আঘাত যতই গুরুতর হোক, প্রতিহত হইতে না পাইলে লাগে না।” — শরৎচন্দ্রের ‘মেজদিদি’ কাহিনী অবলম্বনে উক্তিটির প্রাসঙ্গিক তাৎপর্য বিশ্লেষণ করো। ৬

(খ) ‘তুমি আমাদের অস্ত্রগুরু। তোমার মুখে এ উপদেশ সাজে না।’ — বক্তা কে? প্রসঙ্গ উল্লেখপূর্বক বিষয়টি আলোচনা করো। ১+৫=৬

অথবা

টীকা লেখো : (যে কোনো দুটি)

৩+৩=৬

রাজধর ; ধুরন্ধর ; যুবরাজের মৃত্যুদৃশ্য ; ঈশা খাঁ।

(খ)

(ক) তানপ্রধান অথবা স্বাসাঘাতপ্রধান ছন্দের একটি উদাহরণ সহ বৈশিষ্ট্য লেখো।

১+৫=৬

অথবা

ছন্দোলিপি প্রস্তুত করো :

৬

আজ বিকেলে কোকিল ডাকে শুনে মনে লাগে

বাংলাদেশে ছিলাম যেন তিনশো বছর আগে।।

(খ) যে কোনো দুটি অলংকারের সংজ্ঞা লেখো ও একটি করে উদাহরণ দাও।

২+১×২=৬

অনুপ্রাস, যমক, রূপক, উৎপ্রেক্ষা, বিরোধাভাস।

— x —